চুয়াডাঙ্গায় ছাএলীগের প্রতিষ্ঠা বার্ষিক পালন

চুয়াডাঙ্গায় বাংলাদেশ ছাত্রলীগের ৭৪ তম প্রতিষ্ঠা বার্ষিক পালন হয়েছে। উপমহাদেশের বৃহৎ ও প্রাচীন ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের গৌরব, ঐতিহ্য, সংগ্রাম ও সাফল্যের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হয়েছে। বাঙালির স্বাধিকার অর্জনের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় ১৯৪৮ সালের ৪ জানুয়ারি এ সংগঠনটির জন্ম হয়।

এ উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের পক্ষ থেকে মঙ্গলবার সকাল সাড়ে সাতটায় চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের ভবনের সামনে রক্ষিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শ্রদ্ধা নিবেদন করেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা ও চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সভাপতি সোলায়মান হক জোয়ার্দার ছেলুন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশ ছাত্রলীগ একটি সৃষ্টিশীল ঐতিহ্যবাহী সংগঠন। এই বাংলাদেশ ছাত্রলীগ কোনও অগণতান্ত্রিক সরকারকে বাংলাদেশের জনগণের মাথার ওপর পাথর হয়ে বসতে দেয়নি। এই ছাত্রলীগ মানবিক সংগঠনে পরিণত হয়েছে।

তিনি আরও বলেন, সকল ষড়যন্ত্রকে ছিন্ন করে ছাত্রলীগ ঐতিহাসিক ভূমিকা পালন করছে। আগামী দিনেও বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা প্রতিষ্ঠার লক্ষ্যে শেখ হাসিনার নেতৃত্বে সকল অশুভ শক্তি ষড়যন্ত্রকে ছিন্নভিন্ন করে একটি অসাম্প্রদায়িক বাংলাদেশের প্রতিষ্ঠার জন্য লড়াই করবে

চুয়াডাঙ্গা জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি মোহাইমেন হাসান জোয়ার্দার অনিক নেতা কর্মী দের নিয়ে বঙ্গবন্ধু প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেন। শ্রদ্ধা নিবেদন শেষে বঙ্গবন্ধু স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে সেখানে তারা ১ মিনিট নিরবতা পালন করেন।

চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাবেক সাধারণ সম্পাদক মোঃ জানিফ নিদর্শনায় ও চুয়াডাঙ্গা জেলা ছাএলীগের সাবেক সদস্য গাজী ইমদাদুল হক সজল এবং নিপ্পনের নেতৃত্বে কেদারগঞ্জে দলীয় পতাকা উত্তোলিত ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চুয়াডাঙ্গায় সাংগঠনিক সকল শাখায় আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠিত ও কেক কাটা রক্ত দান মিলাদ মাহফিল দোয়া ও বিভিন্ন কর্মসূচি মাধ্যমে চুয়াডাঙ্গায় পালিত হয় বাংলাদেশ ছাএলীগের প্রতিষ্ঠা বার্ষিক ।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৪তম প্রতিষ্ঠাবাষিকী পালিত

দামুড়হুদায় জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্যেদিয়ে ছাত্রলীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আয়োজনে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা অডিটোরিয়াম হল চত্বরে অনুষ্ঠানের শুরুতেই সমবেত কন্ঠে জাতীয় সংগীতের তালে জাতীয় পতাকা ও ছাত্রলীগের দলীয় পতাকা উত্তোলন করেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মনজু, আওয়ামী লীগ নেতা ও জেলা পরিষদ সদস্য শফিউল কবীর ইউসুফ, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সাধারণ সম্পাদক হযরত আলী, উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

পরে একই স্থান থেকে এক বিশাল বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি দামুড়হুদা উপজেলা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। র্যালি শেষে অডিটরিয়াম হলে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক এবং সদর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সাবেক ছাত্রলীগ নেতা নিশান তরফদার। এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত আওয়ামী লীগ,

যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীগণ।

এসময় জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, শেখ হাসিনা এগিয়ে চলো, ছাত্রলীগ তোমার সাথে, বিভিন্ন দলীয় শ্লোগানে শ্লোগানে প্রকম্পিত হয়ে উঠে সমাবেশ স্থল। মনোমুগ্ধকর উপস্থাপনায় সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক সদর উপজেলার বড়বাজার চৌরাস্তা ও নীলমনিগঞ্জ এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়েছে।

মঙ্গলবার নীলমনিগঞ্জের মেসার্স সারমানো এলপিজি ফিলিং স্টেশনসহ ০৪টি প্রতিষ্ঠানে জরিমানা করা হয়। অভিযানে বড়বাজার মেসার্স আসিফ মেডিকোকে মেয়াদ উত্তীর্ণ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল ঔষধ বিক্রয়ের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭,৫১ ধারায় ৬ হাজার টাকা, মেসার্স জনতা ফার্মেসিকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখার অপরাধে ৫১ ধারায় ৪ হাজার টাকা, রয়েল কাউন্টারের পাশে মেসার্স বাপ্পি ফল ভান্ডারকে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে একটি লিখিত অভিযোগের প্রেক্ষিতে নীলমনিগঞ্জের মেসার্স সারমানো পেট্রোলিয়াম লিমিটেড নামক এলপিজি ফিলিং স্টেশনে অভিযান পরিচালিত হয়। সরকার কর্তৃক নির্ধারিত মুল্যের চেয়ে বেশি মুল্যে এলপিজি গ্যাস বিক্রয়ের প্রমাণ পাওয়ায় উক্ত অপরাধে প্রতিষ্ঠানটিকে আইনের ৪০ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

সকাল সাড়ে ১১ টার দিকে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে ০৪টি প্রতিষ্ঠানকে মোট ৩২ হাজার টাকা জরিমানা করা হয়। সহযোগিতায়

ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহমেদ।

দামুড়হুদায় বেসিক ট্রেড কোর্স “মটর সাইকেল সার্ভিসিং এর উদ্বোধন

দামুড়হুদায় উপজেলা সমাজসেবা অধিদপ্তর ও ঊষা বাংলাদেশের যৌথ উদ্যোগে “ছিন্নমূল, অনগ্রসর, এতিম ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান” শীর্ষক প্রকল্পের আওতায় ৩ মাস ব্যাপী ৩৬০ ঘন্টার বেসিক ট্রেড কোর্স “মটর সাইকেল সার্ভিসিং” এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

সোমবার দুপুর ২টার সময় দামুড়হুদা উপজেলার নতুন হাউলি গ্রামে নদী এগ্রো প্রাইভেট লিমিটেড এর সেমিনার কক্ষে সমাজসেবা অধিদপ্তর ও ঊষা বাংলাদেশের যৌথ উদ্যোগে “মটর সাইকেল সার্ভিসিং” এর শুভ উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ঊষা বাংলাদেশ-এর নির্বাহী পরিচালক দিলীপ কুমার পোদ্দার।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার। তিনি বলেন সমাজসেবা ও ঊষা’র যৌথ উদ্যোগে মটর সাইকেল সার্ভিসিং” এর ট্রেড কোর্স শতশত বেকার জনগোষ্ঠীর আত্মনির্ভরশীল ভাবে গড়ে তুলবে, তারা সমাজ ও পরিবারের বোঝা হয়ে থাকবেনা।

তারা একটি কর্মসংস্থানের পথ খুঁজে পাবে, তিনি আরো বলেন সমাজসেবা অফিস ও বিভিন্ন সামাজিক উন্নয়ন সংগঠন গুলো বেশী বেশী করে বিভিন্ন কাজের ট্রেড কোর্স প্রশিক্ষণের মাধ্যমে হাজার হাজার নারী পুরুষের কর্মসংস্থানের দ্বার উন্মোচিত করলেই আমরা পাবো

একটি স্বনির্ভর জনগোষ্ঠী, আমরা ডিজিটাল সোনার বাংলাদেশ গড়ার অঙ্গীকার নিয়ে, কোন কর্মকে ছোট করে না দেখে, বেকার হয়ে ঘরে বসে না থেকে, নিজের কর্মসংস্থানের জন্য পথের দিকে অগ্রসর হবো, তবেই আমার পাবো একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার (অঃ দাঃ) সাঈদ হাসান, নদী এগ্রো প্রাইভেট লিমিটেডের পরিচালক ও দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী। আরো উপস্থিত ছিলেন এনামুল হক শাহিন সিনিয়র প্রশিক্ষক, নূর আলম প্রধান ট্রেইনার মটরসাইকেল সার্ভিস, আব্দুর রহিম সহকারী ট্রেইনার মটরসাকেল সার্ভিস সহ ট্রেড কোর্সে অংশগ্রহণকারী যুবকরা।

অনুষ্ঠান শেষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার নদী এগ্রো প্রাইভেট লিমিটেড-এর গরুর খামার, কেঁচো কম্পোজ সার প্রজেক্ট, শিশু সাঁতার প্রশিক্ষণ সুইমিংপুল, মৎস্য প্রকল্প, কৃষি সেচ প্রকল্প সহ বিভিন্ন উন্নয়ন মূলক কর্মপরিকল্পনা ঘুরে ঘুরে দেখেন, এবং নদী এগ্রো প্রাইভেট লিমিটেডের বিভিন্ন নয়নাভিরাম প্রকল্প দেখে পরিচালক এম নুরুন্নবীকে সাধুবাদ জানান।

দামুড়হুদার দুই মোটরসাইকেলের সংঘর্ষে ১ জন নিহত, আহত ২

দামুড়হুদা উপজেলায় দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে আবুল কালাম (৫২) নামে এক ব্যবসায়ীর মৃত্যু হয়েছে। আহত হয়েছে আরও দুজন। আহতদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রোববার সন্ধ্যার পর দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের নতুনপাড়ার মোড়ে এদূর্ঘটনা ঘটে। নিহত আবুল কালাম দামুড়হুদা উপজেলার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের মৃত নেছার আলীর ছেলে।

আহত ২জন হলেন, দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের আরামডাঙ্গা গ্রামের মালিতাপাড়ার ওমর ফারুক মালিতার ছেলে শাকিল

মালিতা (২২) ও একই উপজেলার হাওলী ইউনিয়নের রঘুনাথপুর গ্রামের আবুল হাইয়ের ছেলে হাসিবুল ইসলাম (২৫)।

প্রত্যক্ষদর্শীরা জানায়, আবুল কালাম নিজ বাড়ি থেকে মোটরসাইকেলযোগে তার ব্যবসা প্রতিষ্ঠান কার্পাসডাঙ্গা বাজারে যাচ্ছিলেন। এসময় কার্পাসডাঙ্গা থেকে একই মোটরসাইকেলে শাকিল ও হাসিবুল কুড়ুলগাছির উদ্দেশ্য যাচ্ছিলেন। কার্পাসডাঙ্গা নতুনপাড়ার মোড়ে পৌছালে দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে দুই মোটরসাইকেলে থাকা তিনজনই রাস্তায় ছিটকে পড়ে গুরুতর আহত হয়ে।

পরে স্থানীয়রা তাদেরকে উদ্ধার চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নেয়ার কিছুক্ষণ পর চিকিৎসাধীন অবস্থায় আবুল কালামের মৃত্যু হয়। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. উৎপলা বিশ্বাস বলেন, জরুরি বিভাগের নেয়ার কিছুক্ষন পর চিকিৎসাধীন অবস্থায় বৃদ্ধ আবুল কালামের মৃত্যু হয়েছে। আহত দুজনের অবস্থা শঙ্কামুক্ত। তাদেরকে প্রাথমিক চিকিৎসা শেষে ভর্তি করা হয়েছে।

আবুল কালামের মৃত্যুর খবর গ্রামের বাড়িতে পৌঁছানোর সাথে সাথেই আত্মীয় স্বজনদের কান্নায় বাতাস ভারী হয়ে ওঠে। এলাকায় শোকের ছায়া নেমে আসে।

অপরদিকে মৃত্যুর ঘটনা শুনার পরপরই কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান কামাল উদ্দীন নিহতের বাড়ি পৌঁছে তাঁর শোকাহত পরিবারের সদস্যদের শান্তনা দেন এবং গভীর সমবেদনা প্রকাশ করেন। এবং নিহতে পরিবারের যে কোন সমস্যায় তিনি পাশে থাকবেন বলে প্রতিশ্রুতি দেন।

এব্যাপারে দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ বলেন, দুই মোটরসাইকেলের সংঘর্ষে ১জনে মৃত্যু ও ২ জন আহত হয়েছে বলে তিনি নিশ্চিত করেন। এবিষয়ে কোন অভিযোগ না থাকায় এবং আবেদনের প্রেক্ষিতে মরদেহ পরিবারের নিকট হস্তান্তর করা হবে। উক্ত ঘটনায় দামুড়হুদা মডেল থানার একটি অপমৃত্যুর সাধারণ ডায়েরি করা হবে বলে জানান তিনি।

বর্তমান সরকারের উন্নয়নে ঈর্ষান্বিত বিএনপি-জামাত নানা ভাবে ষড়যন্ত্র চালাচ্ছে

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার হিজলগাড়ী বাজার মাঠে রোববার বিকাল ৪টায় নবগঠিত নেহালপুর ইউনিয়ন যুবলীগের দ্বি-বার্ষিক সন্মেলন অনুষ্ঠিত হয়েছে। নেহালপুর ইউনিয়ন যুবলীগের আহবায়ক রহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা শাখার আওয়ামী যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার।

প্রধান অতিথি বলেন, আমি আমার যুবলীগের প্রতিটি নেতা কর্মির প্রতি উদাত্ব আহবান রাখব বর্তমান সরকারের উন্নয়নে ঈর্ষান্বিত হয়ে বিএনপি জামাত নানাভাবে ষড়যন্ত্রে লিপ্ত আছে। ডাক আসলে তাদের এ ষড়যন্ত্র রুখতে সকলকে ঝাপিয়ে পড়তে হবে। আপনাদের আর একটি কথা মনে করিয়ে দিতে চাই কোন কিছু উদ্বোধনের সময় যুবলীগের প্রয়োজন হয়। সরকারি বরাদ্ধ ভাগবাটয়ারা করার সময় তো যুবলীগকে ডাকা হয় না। যুবলীগ অন্যায়ের বিপক্ষে সব সময় অবিচল থাকবে। যেখানে অন্যায় অবিচার হবে যুবলীগ সেখানেই প্রতিবাদ মুখর হয়ে উঠবে। যুবলীগ জেল জুলুমের ভয় করে না। আপনারা আমার দিকে লক্ষ করেন। আমি কোন দিন গ্রামে যায়। অথচ আমি হত্যা মামলার প্রধান আসামী। জেলাবাসি সত্য-মিথ্যা সবই জানে। শুধু একটি কথা মনে রাখবেন অন্যায়কারিকে আল্লাহতালাও পছন্দ করে না। অন্যায়ের সাথে যারা জড়িত যুবলীগে তাদের কোন ঠাই নাই।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন জেলা আওয়ামী যুবলীগের যুগ্নআহবায়ক জিল্লুর রহমান, সামসুজ্জোহা মল্লিক হাসু।

এছাড়াও উপস্থিত থেকে বক্তব্য রাখেন যুবলীগ নেতা সাজেদুর রহমান লাভলু, আজাদুল ইসলাম, হাফিজুর রহমান হাপু, আবুবক্কর সিদ্দিক, আরিফ, আলমগির আজম খোকা। এছাড়াও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা মাসুম, শুভ, শাহি, বিপ্লব হোসেন, পনেল, শৈকত, জাহাঙ্গীর, জাকির, গড়াইটুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদুজ্জামান পলাশ, সাধারণ সম্পাদক চাঁন, তিতুদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি রাশেদ রেজা, সাধারণ সম্পাদক নিয়ামত আলী, যুবলীগ নেতা আবুল কালাম, হাসনাত প্রমুখ।

অনুষ্ঠনটি পরিচালনা করেন যুবলীগ নেতা ইনামুল।

আলমডাঙ্গায় গৃহবধুকে শ্বাসরোধে হত্যার অভিযোগ, থানায় মামলা

আলমডাঙ্গায় গৃহবধুকে শ্বাসরোধে হত্যার অভিযোগ উঠেছে। গতকাল রবিবার রাতে উপজেলার রেলজগন্নাথপুর গ্রামে এ ঘটনাটি ঘটেছে। এ ঘটনায় গৃহবধূর পিতা বাদি হয়ে আলমডাঙ্গা থানায় হত্যা মামলা দায়ের করেছে। খবর পেয়ে আলমডাঙ্গা থানা পুলিশ রবিবার সকালে লাশ উদ্ধার করে পোস্ট মর্টেম রিপোর্টের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতালে প্রেরণ করে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার কালিদাসপুর ইউনিয়নের জগন্নাথপুর গ্রামের আকাইলের মেয়ে বিলকিছ খাতুন (২৬)। গত ১০ বছর পূর্বে একই ইউনিয়নের রেলজগন্নাথপুর গ্রামের ইয়ামিন ফারাজির ছেলে লাল্টুর সাথে পারিবারিক ভাবে বিবাহ হয়। লাল্টু সাংসারিক সচ্ছতার কারণে ঢাকায় টাইলস মিস্ত্রির কাজ করে। বৈবাহিক জিবনে বিয়ের পর কোন সমস্যা না হলে মাঝে মধ্যে তার স্বামীর নিকট নানা ধরণের অভিযোগ করে বিলকিছের শশুড় বাড়ির লোকজন।

এমন ঘটনায় বিভিন্ন সময় বিলকিছের স্বামী মোবাইলে গালিগালাজ করত। গত ৩/৪ দিন পূর্বে ভাসুর সিল্টুর স্ত্রী শিলা খাতুন প্রতিবেশি মুনজিরার মোবাইল ফোনে পরকীয়া প্রেমিকের সাথে কথা বলছিলো। শিলা স্বামী রেখে তার পরকীয়া প্রেমিকের হাত ধরে পালিয়ে যাবে বলে বিষয়টি প্রতিবেশি মুনজিরা খাতুন।

ঘটনাটি বিলকিছকে জানালে সে পরিবারের লোকজনকে জানিয়ে দেয়। এ ঘটনার জের ধরে তাদের পারিবারিক গোলোযোগ সৃষ্টি হয়। খবর পেয়ে বিলকিছের পিতা আকাইল তার মেয়েকে বাড়িতে আনতে যায়। বিলকিছ তার বাবার সাথে না এসে শশুর বাড়িতে থাকে।

রবিবার রাতের আধারে শ্বাসরোধে বিলকিছকে হত্যা করে। হত্যা শেষে নাটকীয়তার মোড় ঘুরাতে গলায় ফাঁস লাগিয়ে বিলকিছের নিজ রুমে ঝুলিয়ে রাখে। সকালে খবর পেয়ে ঘটনাস্থলে আলমডাঙ্গা থানাপুলিশ উপস্থিত হয়ে লাশ উদ্ধার করে। সুরতহাল রিপোর্ট শেষে পোষ্ট মর্টেম রিপোর্টের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করে।

এ হত্যাকান্ডের ঘটনায় নিহত বিলকিছের পিতা আকাইল বাদি হয়ে মৃত ইয়ামিন ফারাজির স্ত্রী চায়না খাতুন (৫৫), ছেলে সিল্টু (২৫), বেল্টু (৩০), রবিউল (২৩) এর বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করেন।

দামুড়হুদায় জাতীয় সমাজসেবা দিবস উপলক্ষে আলোচনা সভা ও চেক বিতরণ

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে, জাতীয় সমাজসেবা দিবস-২০২২ উপলক্ষে আলোচনা সভা ও সমাজকল্যাণ পরিষদের অনুদান বিতরণ করা হয়।

রবিবার সকাল ১০ টায় দামুড়হুদা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে “মুজিব বর্ষের সফলতা, ঘরেই পাবেন সকল ভাতা” এই শ্লোগান নিয়ে জাতীয় সমাজসেবা দিবস ২০২২ আলোচনা সভা ও সমাজকল্যাণ পরিষদের অনুদান বিতরন অনুষ্ঠান দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার সাঈদ হাসান, উপজেলা সমবায় অফিসার হারুন-অর রশীদ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, উপজেলা নির্বাচন অফিসার মোঃ ইসহাক, উপজেলা মৎস্য অফিসার আইয়ুব আলী উপজেলা প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা সহ বিভিন্ন এনজিওর প্রতিনিধি, অনুদান ভোগী,

বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় সংবাদকর্মী এবং সুধীবৃন্দ। অনুষ্ঠানটি পরিচালনা করেন ইউনিয়ন সমাজ কর্মী রবিউল ইসলাম।

চুয়াডাঙ্গায় অর্ধশতাধিক মাদক মামলার আসামি শিপরা গ্রেফতার

চুয়াডাঙ্গা শহরের অর্ধশতাধিক মামলার আসামি ‘মাদক সম্রাজ্ঞী’ শিপরা বেগম(৬০) ও একাধিক মাদক মামলার আসামি ছেলে শুকুর আলী ডিবি কর্তৃক গ্রেফতার হয়েছে।

রবিবার বেলা দেড়টায় সময় চুয়াডাঙ্গা সদর থানা এলাকায় মাদক বিরোধী অভিযান পরিচালনাকালে পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম এঁর তথ্য ও নির্দেশনার ভিত্তিতে জেলা গোয়েন্দা শাখা, চুয়াডাঙ্গা’র অফিসার ইনচার্জ মোঃ মাহাব্বুর রহমান এর নেতৃত্বে ডিবির চৌকস টিম চুয়াডাঙ্গা পৌরসভাধীন বুজরুক গড়গড়ি বুদ্ধিমান পাড়াস্থ মাদক সম্রাজ্ঞী খ্যাত শিপরা বেগম এর বাড়িতে অভিযান চালিয়ে বিপুল পরিমানে মরণনেশা ইয়াবা, মদ ও গাঁজা এবং প্রায় অর্ধলক্ষ মাদক বিক্রয়ের নগদ টাকা উদ্ধার হয়েছে।

গ্রেফতার হয়েছে মাদক সম্রাজ্ঞী শিপরা ও তার ছেলে একাধিক মাদক মামলার আসামি ছেলে শুকুর আলী। তল্লাশি চালিয়ে তাদের হেফাজত থেকে উদ্ধার হয়েছে ১ হাজার ২৪৫ পিস ইয়াবা, ৫০০ গ্রাম গাঁজা, ০১ বোতল মদ ও মাদক বিক্রয়ের নগদ ৪২ হাজার ৪৬০ টাকা।

মাদক সম্রাজ্ঞী ৬০ বছরের শিপরার নামে অর্ধশতাধিক মাদক মামলা আছে। এলাকার কিশোর গ্যাং নিয়ন্ত্রণের অভিযোগ আছে তার বিরুদ্ধে।এলাকায় পরিচিতি পান মাদকসম্রাজ্ঞী হিসেবে। ইতোপূর্বে শতাধিকবার গ্রেফতার হয় শিপরা। বিভিন্ন মেয়াদে সাজাও হয় চার মামলায়।

জামিনে বের হয়ে প্রতিবারই মাদকের কারবার চালিয়ে গেছেন। তার স্বামী বাবুলও ছিলেন একাধিক মাদক মামলার আসামি। সে মারা যায় ২০১৫ সালে। শিপরা বেগমের ছেলে শুকুর আলী পাঁচ মামলার আসামি। ২০১৫ সালে

একটি মামলায় ৩২ বছরের সাজাও হয় তার। আসামীদের নিজ বাড়ি থেকে উক্ত

মাদকদ্রব্য সহ গ্রেফতার করা হয়। জেলা গোয়েন্দা শাখায় কর্মরত এসআই সোহেল রানা বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের সংশ্লিষ্ট ধারায় নিয়মিত মামলা দায়ের করেছেন।

দর্শনায় ক্যান্সার আক্রান্ত সাবেরর পাশে “ভালোবাসার বন্ধন”

ভয়াবহ মরণব্যাধির নাম ক্যান্সার। আর এ ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে নিজ বাড়ির বিছানায় শুয়ে তীব্র যন্ত্রনায় কাতরাচ্ছে মৃত্যুর প্রহর গুনছে দর্শনা বাসস্ট্যান্ডের মসজিদ সংলগ্ন কাঁচামাল ব্যবসায়ী ও দর্শনা মোহাম্মদপুরের মসজিদ পাড়ার বাসিন্দা সাবের আলী।

বর্তমানে তার অবস্থা আশংঙ্কাজনক। শরীরের রোগ ছড়িয়ে পড়ায় শরীরের বিভন্ন ক্ষত স্থানে পচন ধরে মাংশ খসে ছিদ্র হয়ে রক্ত ক্ষরণ সহ নানা রকম সমস্যা দেখা দিয়েছে। তার রোগের চিকিৎসার জন্য পরিবার নিয়ে বসবাসের একমাত্র ভিটা-বাড়ি বিক্রি করে সে এখন নিঃস্ব।

আর্থিক সংকটের কারণে তার চিকিৎসাভার চালানোর সাধ্য হারিয়ে ফেলেছে পরিবারের সদস্যরা। এমন কথা জানতে পেয়ে সাবের আলীর পরিবারের সহযোগীতার হাত বাড়িয়ে দিলেন দর্শনার সেচ্ছা সেবী সংগঠন “ভালোবাসার বন্ধন”।

রোববার রাত সাড়ে ৮টার দিকে ভালোবাসার বন্ধন এর উদ্যোগে সাবের আলীর পরিবারের হাতে খাদ্য ও আর্থিক সহায়তা প্রদান করা হয়। এ সাহায্য প্রদানে উপস্থিত থেকে খাদ্য ও আর্থিক অনুদান তুলে দেন সংগঠনের সাধারণ সম্পাদক মিয়া মোহাম্মদ নূরনবী সুমন, সাংগঠনিক সম্পাদক আয়নাল হক, দপ্তর সম্পাদক আসহাবুল আলম, নির্বাহী সদস্য

আমিনুল রহমান, সাধারণ সদস্য শহিদুল ইসলাম ডাবলু, আব্দুল মোবারক, নাজমুল সহ দর্শনা প্রেসক্লাবের সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, প্রমুখ।